ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮২০

আগরতলা, ১১ সেপ্টেম্বর, ২০২৫

# কুষ্ঠ রোগকে জয় করলেন উত্তম কুমার দেববর্মা

উত্তম কুমার দেববর্মা (৩৭) মনু আরডি ব্লকের একজন বাসিন্দা। দীর্ঘ সময় ধরে তিনি শরীরের বিভিন্ন অংশে ক্ষত ও সংবেদনশীলতা হ্রাস পাওয়ার সমস্যায় ভুগছিলেন। সঠিক রোগ নির্ণয় না হওয়ায় তার কষ্ট ক্রমেই বাড়ছিল। অবশেষে ১৫ এপ্রিল, ২০২৪ তারিখে জামিড়ছড়া হেলথ অ্যান্ড ওয়েলনেস সেন্টারে (এইচডব্লিউসি-এএএম) স্বাস্থ্য পরীক্ষার পর তার রোগ ধরা পড়ে। তার রোগটি ছিল মাল্টি ব্যাসিলারি (এমবি) কুষ্ঠ রোগ।

রোগ নির্ণয়ের পর কোনরকম দেরি না করে ১৭ এপ্রিল, ২০২৪ থেকে মনু সিএইচসি-তে তার চিকিৎসা শুরু হয়। দীর্ঘ ও কঠিন এই চিকিৎসার সময় উত্তম বাবুর পাশে ছিলেন স্বাস্থ্যকর্মীরা। কমিউনিটি হেলথ অফিসার সুস্মিতা পাল, মাল্টিপারপাস ওয়ার্কার (এমপিডব্লিউ) রঞ্জিত নমশূদ্র ও মিশ্রয় দেববর্মা এবং আশা কর্মী রবিকন্যা কলই নিয়মিত তার খোঁজখবর রাখতেন, ওষুধ খাওয়ার কথা মনে করে দিতেন এবং মানসিক সাহস যোগাতেন। দীর্ঘ চিকিৎসার পর ২৬ আগস্ট, ২০২৫ তারিখে উত্তম কুমার দেববর্মাকে সম্পূর্ণ সুস্থ ঘোষণা করা হয় এবং তার চিকিৎসা সম্পন্ন হয়। সুস্থ হয়ে ওঠা উত্তম কুমার দেববর্মা এখন সমাজের মূলস্রোতে ফিরে এসেছেন এবং অন্যদের জন্য অনুপ্রেরণা হয়ে উঠেছেন। উত্তম কুমার দেববর্মা স্বাস্থ্যকর্মীদের এবং স্বাস্থ্য দপ্তরকে ধন্যবাদ জানিয়েছেন। তার এই জয় প্রমাণ করে যে, সঠিক সময়ে রোগ নির্ণয় ও নিয়মিত চিকিৎসার মাধ্যমে কুষ্ঠ রোগ সম্পূর্ণ নিরাময় সম্ভব। এই সাফল্য শুধুমাত্র উত্তম কুমার দেববর্মার একার নয়, বরং এটি ধলাই জেলার স্বাস্থ্য বিভাগের কর্মীদের নিষ্ঠা ও প্রচেষ্টারও প্রতিফলন। কুষ্ঠ রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং সময়মতো চিকিৎসা শুরু করার গুরুত্ব এই ঘটনা আবারও প্রমাণ করে। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******